# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১
www.bmeb.gov.bd

স্মারক নম্বর-বামাশিবো/প্রশা/শরীয়তপুর-৪৭/৭১ তারিখ: ০৯ ভাদ্র ১৪৩২ / ২৪ আগষ্ট ২০২৫

বিষয় : সুপার জনাব মোহাম্মদ মোর্শেদ আলমকে স্বপদে পুনর্বহাল করা প্রসঙ্গে।

সূত্র : ১। মহামান্য হাইকোর্ট ডিভিশনের রিট পিটিশন নং ১৪৬৬৫/২০২৪ এর আদেশ;
২। জনাব মোহাম্মদ মোর্শেদ আলম এর পুনর্বহাল সংক্রান্ত ৩১.১০.২০২৪ইং তারিখের আবেদন;
৩। জনাব মোহাম্মদ মোর্শেদ আলম এর স্বাক্ষরিত ১৯.০৩.২০২৫ইং তারিখের আবেদন;

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে শরীয়তপুর জেলার সদর উপজেলাধীন শরীয়তপুর ইসলামিয়া মহিলা দাখিল মাদ্রাসার সুপার জনাব মোহাম্মদ মোর্শেদ আলমকে ১৭.০১.২০১০ ইং তারিখে অন্যায় ও অবৈধভাবে জোরপূর্বক পদত্যাগ করানো হয়েছে মর্মে ২নং স্মারকে জনাব মোহাম্মদ মোর্শেদ আলম অভিযোগ দাখিল করেন। সুপার পদে পুনর্বহাল করার জন্য ৩১.১০.২০২৪ইং তারিখে চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড বরাবর আবেদন করেন। জোরপূর্বক রিজাইন বিষয়ে সংক্ষুব্ধ হয়ে জনাব মোহাম্মদ মোর্শেদ আলম কর্তৃক মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং ১৪৬৬৫/২০২৪ মামলা দায়ের করা হয়। উক্ত মামলার রায়ে সুপার জনাব মোহাম্মদ মোর্শেদ আলম এর ৩১.১০.২০২৪ইং তারিখের আবেদন নিষ্পত্তির জন্য চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডকে নির্দেশ প্রদান করা হয়েছে। মহামান্য সুপ্রীম কোর্টের নির্দেশ মোতাবেক জনাব মোহাম্মদ মোর্শেদ আলম এর ৩১.১০.২০২৪ইং তারিখের আবেদন নিষ্পত্তি ও সৃষ্ট জটিলতা নিরসনকল্পে ২৫.০২.২০২৫ইং তারিখে সভাপতি, পরিচালনা কমিটি, জনাব তহিরুন নেছা (ভারপ্রাপ্ত সুপার) ও জনাব মোহাম্মদ মোর্শেদ আলমকে শুনানীতে অংশগ্রহণ করার জন্য পত্র দেওয়া হয়। পত্রের আলোকে ১৮.০৫.২০২৫ইং তারিখে উভয় পক্ষের উপস্থিতিতে বোর্ডে শুনানী গ্রহণ করা হয়েছে। শুনানীর পর জনাব মোহাম্মদ মোর্শেদ আলম কর্তৃক পুনরায় সূত্রোক্ত ৩নং স্মারকে আবেদন জমা দেওয়া হয়েছে। ভারপ্রাপ্ত সুপার জনাব তহিরুন নেছা ০১.০৬.২০২৫ ইং তারিখে অন্য একটি আবেদন জমা দিয়েছেন।

২. জনাব মোহাম্মদ মোর্শেদ আলম তার আবেদনের সাথে যে সকল সংলগ্নী জমা দিয়েছেন তা পর্যালোচনা করে দেখা যায় যে, মাদ্রাসার তৎকালীন সভাপতি, উপজেলা নির্বাহী অফিসার, শরীয়তপুর সদর, শরীয়তপুর কর্তৃক একখানা রেজুলেশন গ্রহণ করা হয়েছে। তাতে নিম্নরুপ বিবরণ রয়েছে: " বিভিন্ন আলোচনা পর্যালোচনার পরে সদস্যগণ বলেন যে, সুপার যেহেতু জামায়াতে ইসলামী করেন এবং প্রতিষ্ঠানে সুপার হিসেবে তিনি থাকলে বর্তমান পরিস্থিতি আরো খারাপ হতে পারে বিধায় তাকে স্বেচ্ছায় পদত্যাগ করা উচিত এবং সুপার পরিস্থিতি বুঝতে পেরে স্বেচ্ছায় পদত্যাগ করার ইচ্ছা ব্যক্ত করেন"। এতে প্রতীয়মান হয় যে, সুপার মূলত রাজনৈতিক প্রতিহিংসার শিকার হয়েছেন।

৩. জনাব মোহাম্মদ মোর্শেদ আলমের নিকট থেকে বাধ্যতামূলক যে পদত্যাগপত্র নেয়া হয়েছে তা বিধি সম্মত হয়নি। এ বিষয়ে তাকে শোকজ করা হয় নি এবং কোন প্রকার তদন্ত করা হয় নি। পদত্যাগপত্র প্রাপ্তির পর বিধি মোতাবেক কোনো ব্যবস্থাও মাদ্রাসা কর্তৃপক্ষ কর্তৃক নেওয়া হয়নি। অর্থ্যাৎ বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের আপীল এন্ড আর্বিট্রেশন কমিটির কোন অনুমোদন নেওয়া হয়নি। দীর্ঘ ১৫ বছর যাবৎ সুপারের পদ শূণ্য থাকলেও কোন নিয়োগ প্রক্রিয়া গ্রহণ করা হয়নি। বিধি মোতাবেক ব্যবস্থা না নেওয়ায় পদত্যাগপত্রের কোনো কার্যকারিতা নেই মর্মে প্রতীয়মান হয়।

৪. এ ছাড়াও জনাব মোহাম্মদ মোর্শেদ আলম এর নিকট থেকে জোরপূর্বক পদত্যাগপত্র নেওয়া হয় এবং তার বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ নেই মর্মে উক্ত মাদ্রাসার ১২ জন শিক্ষক কর্মচারী লিখিতভাবে বোর্ডকে অবহিত করেছেন।

৫. এমতাবস্থায়, যেহেতু পদত্যাগপত্র বিধিসম্মত হয়নি এবং তার বিরুদ্ধে অভিযোগ প্রমাণিত হয়নি সেহেতু জনাব মোহাম্মদ মোর্শেদ আলম এর পদত্যাগপত্রের কোন কার্যকারিতা নেই মর্মে প্রতীয়মান হয়। সেমতে মহামান্য হাইকোর্ট এর নির্দেশ অনুসারে জনাব মোহাম্মদ মোর্শেদ আলমকে স্বপদে বহাল করে তার ৩১.১০.২০২৪ খ্রি: তারিখের আবেদনখানা নিষ্পত্তি করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

২৪.৮.২৫

প্রফেসর ছালেহ আহমাদ
রেজিস্ট্রার
ফোন: ৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd

১। সভাপতি, পরিচালনা কমিটি,
শরীয়তপুর ইসলামিয়া মহিলা দাখিল মাদ্রাসা;
২। জনাব মোহাম্মদ মোর্শেদ আলম, সুপার,
শরীয়তপুর ইসলামিয়া মহিলা দাখিল মাদ্রাসা,
পো: ধানুকা, সদর, শরীয়তপুর।

# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১

www.bmeb.gov.bd

স্মারক নম্বর-বামাশিবো/প্রশা/শরীয়তপুর-৪৭/৯১

তারিখ: ০৯ ভাদ্র ১৪৩২ / ২৪ আগষ্ট ২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক (অতিরিক্ত সচিব), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস(৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, ঢাকা-১০০০;
২. মহাপরিচালক (অতিরিক্ত সচিব), ব্যানবেইস, শিক্ষা মন্ত্রণালয়, ১ জহির রায়হান রোড (পলাশী-নীলক্ষেত), ঢাকা-১২০৫;
৩. জেলা প্রশাসক, শরীয়তপুর;
৪. উপ-রেজিস্ট্রার (কমন), বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৫. উপজেলা নির্বাহী অফিসার, সদর, শরীয়তপুর(পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ);
৬. জেলা শিক্ষা অফিসার, শরীয়তপুর;
৭. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, শরীয়তপুর;
৮. জনাব তহিরুন নেছা(ভারপ্রাপ্ত সুপার), শরীয়তপুর ইসলামিয়া মহিলা দাখিল মাদ্রাসা, পো: ধানুকা, সদর, শরীয়তপুর।
৯. ম্যানেজার, সোনালী/রুপালী/অগ্রণী/জনতা ব্যাংক লি:, ………………… শাখা, সদর, শরীয়তপুর;
১০. পিও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
১১. অফিস কপি।

২৪/৮/২৫

মোঃ আব্দুর রশিদ
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোন: ৯৬৭৪৮৭৪
ই-মেইল: dradmin@bmeb.gov.bd